তারিখ 20 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

# গুরুদাসপুরে এক কলেজে দুই অধ্যক্ষ

নাটোর প্রতিনিধি ▷

নাটোরের গুরুদাসপুর বিলচলন শহীদ সামসুজ্জোহা কলেজে দুজন অধ্যক্ষ হওয়ায় প্রশাসনিক কাজে জটিলতা সৃষ্টি হয়েছে। সম্প্রতি কলেজটি সরকারি হওয়ার পর অধ্যক্ষ পদে নতুন একজনকে নিয়োগ দেওয়ায় এ জটিলতার সৃষ্টি হয়।

জানা গেছে, মো. রেজাউল করিম ২০০৩ সাল থেকে ওই কলেজের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। সম্প্রতি কলেজটি সরকারি করার পর গত ৩০ জুন ওএসডিতে (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা) থাকা বগুড়া সরকারি আজিজুল হক কলেজের দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক মো. আলী আশরাফকে নতুন অধ্যক্ষ হিসেবে দায়িত্ব দেওয়া হয়।

সামসুজ্জোহা কলেজের কয়েকজন শিক্ষক জানান, শিক্ষা মন্ত্রণলায়ের প্রজ্ঞাপন অনুসারে ওএসডিতে থাকা কেউ অধ্যক্ষ হতে পারেন না। কিন্তু তিনি শিক্ষক-কর্মচারীদের বেতন-বিলসহ কলেজের যাবতীয় কাজ তদারক করছেন। অথচ বিধি অনুসারে এখনো ওই পদে বহাল রয়েছেন অধ্যক্ষ মো. রেজাউল করিম। তাঁকে অধ্যক্ষ পদ থেকে অব্যাহতি না দিয়েই আরেকজনকে ওই পদে নিয়োগ দেওয়া হয়েছে। এ অবস্থায় বর্তমানে কলেজটিতে প্রশাসনিক জটিলতা দেখা দিয়েছে।

অধ্যক্ষ রেজাউল করিম বলেন, এমপিও একটি সরকারি দলিল। এ দলিল অনুসারে তিনি অধ্যক্ষ হিসেবে বেতন-ভাতা উত্তোলন করছেন। অথচ ওই পদের বিপরীতে ওএসডি কর্মকর্তাকে নতুন অধ্যক্ষ হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। নতুন অধ্যক্ষ মো. আলী আশরাফ বলেন, প্রতিষ্ঠানটি সরকারি হওয়ায় বিধি অনুসারে কোনো বেসরকারি ব্যক্তি দায়িত্ব পালন করতে পারেন না। সে জন্যই মন্ত্রণালয় থেকে তাঁকে দায়িত্ব দিয়ে পাঠানো হয়েছে। ওএসডিতে থাকা একজন এ দায়িত্বে আসতে পারেন কি না—এ বিষয়ে তিনি বলেন, 'আগে এ নিয়ম ছিল না। এটি বর্তমানে চালু হয়েছে।'